

নম্বর: ৩৩.০২.০০০০.০০০.১১৭.০৪.০০২১.২৫.৪৭১

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১২ মে ২০২৬ খ্রিস্টাব্দ

প্রাপক:

- ১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।।
- ২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস-এর কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম।
- ৩। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, গাজীপুর/ঢাকা/কুমিল্লা।
- ৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, গাজীপুর সদর, গাজীপুর/সাভার, ঢাকা/কুমিল্লা আদর্শ সদর, কুমিল্লা।

বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরে পরিচালন “১৪৪০২০৪-৩২৫৪১০১-মৎস্য ও মৎস্যজাত দ্রব্য” খাতে অর্থ বরাদ্দ প্রসঙ্গে।

চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে আইবাস সিস্টেমে মৎস্য অধিদপ্তরের অনুকূলে পরিচালন “১৪৪০২০৪-৩২৫৪১০১-মৎস্য ও মৎস্যজাত দ্রব্য” খাতে সংশোধিত বাজেটে বরাদ্দকৃত অর্থ হতে নিম্নবর্ণিত দপ্তরের অনুকূলে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা মাত্র বরাদ্দ (বেকয়াসহ) প্রদান করা হলো। উল্লেখ্য, আয়ন-ব্যয়ন কর্মকর্তাকে নিম্নলিখিত শর্তাদি পরিপালন সাপেক্ষে অর্থ ব্যয় করতে হবে।

১. আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে। বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত কোন ক্রমেই ব্যয় করা যাবে না।
২. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৩৩.০০.০০০০.১২৭.১৬.০০৬.২০.৭৮, তারিখ: ০৬ এপ্রিল, ২০২৩ খ্রি. অনুযায়ী অনুমোদিত “পোনা অবমুক্তি নির্দেশিকা-২০২৩” মোতাবেক কার্যক্রম গ্রহণসহ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণপূর্বক পোনামাছের ক্রয় কার্যক্রম পরিচালনা করতে হবে।
৩. বরাদ্দকৃত অর্থ যথাযথ ব্যবহারের পর পোনামাছ অবমুক্তির বিস্তারিত তথ্য উল্লেখপূর্বক খরচের হিসাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ছকে সচিত্র প্রতিবেদনসহ প্রেরণ করতে হবে।
৪. ১০-১৫ সে.মি. আকারের রুই, কাতল, মৃগেল, কালিবাউস, ঘনিয়া প্রভৃতি মাছের সুস্থ-সবল পোনা অবমুক্ত করতে হবে।
৫. পোনা ওজনে (কেজিতে) ক্রয় করতে হবে।
৬. দরপত্রে পোনা ক্রয়ের জন্য কেজি প্রতি দর উল্লেখ করতে হবে।
৭. পোনামাছ ক্রয়ের ক্ষেত্রে সরকারি খামারকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে।
৮. অব্যয়িত অর্থ ৩১ মে, ২০২৬ খ্রি. তারিখ এর মধ্যে সমর্পণ করতে হবে।

ক্র: নং	উপোলন ও বন্টনকারী কর্মকর্তাদের পদবী ও ঠিকানা	বরাদ্দের পরিমাণ (টাকা)	মন্তব্য
১.	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর	১০০০০০.০০	-
২.	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সাভার, ঢাকা	১৫০০০০.০০	-
৩.	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কুমিল্লা আদর্শ সদর, কুমিল্লা	৫০০০০.০০	ভিক্টোরিয়া সরকারি কলেজ, ডিগ্রি শাখা, ধর্মপুর, কুমিল্লা এর পুকুরে পোনামাছ অবমুক্তির জন্য।
মোট=		৩০০০০০.০০	

কথায়: তিন লক্ষ টাকা মাত্র।

আপনার বিশ্বস্ত,



১২-০৫-২০২৬

মোঃ জিয়া হায়দার চৌধুরী

মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

ফোন : ০২-২২৩৩৮২৮৬১


ইমেইল : dg@fisheries.gov.bd

নম্বর: ৩৩.০২.০০০০.০০০.১১৭.০৪.০০২১.২৫.৪৭১/১ (৪)

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১২ মে ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
- ২। জেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর/ঢাকা/কুমিল্লা।
- ৩। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর/সাভার, ঢাকা/কুমিল্লা আদর্শ সদর, কুমিল্লা।
- ৪। প্রোগ্রামার, ই-সার্ভিস এন্ড ইনোভেশন শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।



১৩-০৫-২০২৬

মোঃ আরিফুল ইসলাম

সহকারী পরিচালক (বাজেট ও অর্থ)